

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৩৮

২১. উত্তরাধিকার অধ্যায় (کتاب الفرائض)

পরিচ্ছেদঃ ২৯. মুসলিম এবং মুশরিকের মীরাছ সম্পর্কে

باب فِي مِيرَاتِ أَهْلِ الشِّرْكِ وَأَهْلِ الْإِسْلَامِ

## আরবী

حَدَّثَنَا جَعْفَرُ بْنُ عَوْنٍ عَنْ سَعِيدٍ عَنْ أَبِي مَعْشَرٍ عَنْ إِبْرَاهِيمَ قَالَ إِذَا مَاتَ الْمَيِّتُ وَجَبَتْ الْحُقُوقُ لِأَهْلِهَا وَلَمْ يَجْعَلْ لِمَنْ أَسْلَمَ أَوْ أُعْتِقَ قَبْلَ أَنْ يُقْسَمَ الْمِيرَاثُ شَيْئًا

## বাংলা

৩০৩৮. আবী মা'শার হতে বর্ণিত, ইবরাহীম (রহঃ) বলেন, যখন কোনো ব্যক্তি মৃত্যুবরণ করে, তখন এর হকদারকে তার হকসমূহ প্রদান করা ওয়াজিব হয়। তবে সেই ব্যক্তিকে কিছুই দেওয়া হবে না যে মীরাছ বন্টনের পূর্বে ইসলাম গ্রহণ করবে, অথবা যে দাসকে মুক্তি দান করবে।[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ। জা'ফর ইবনু আওনকে তাদের অন্তর্ভূক্ত করা হয়নি যারা সাঈদ ইবনু আবী আরুবাহ'র স্মৃতিভ্রন্ত হওয়ার পূর্বে তার থেকে শ্রবণ করেছেন। তবে এর মুতাবি'আত রয়েছে আলী ইবনু মাসহার হতে, আর তিনি সাঈদ হতে স্মৃতিভ্রন্ত হওয়ার পূর্বে তার থেকে শ্রবণ করেছেন। ফলে এর সন্দটিকে ইবরাহীম পর্যন্ত সহীহ তে রূপান্তরিত করে।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১১/৪২৪ নং ১১৬৭৫ সহীহ সনদে; আব্দুর রায্যাক আল মুসান্নাফ নং ৯৮৮৯।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন